

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ/২৯ মে, ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৫৪-আইন/২০১৮/২০/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ২১৮-আইন/২০১৭/৫৬/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের “শর্তাবলি” শিরোনামাধীনের শর্ত ১ এর দফা (ক), (খ), (গ), (ঘ) ও (ঙ) এর পরিবর্তে নিম্নবর্ণিত দফা (ক), (খ), (গ), (ঘ) ও (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ক) ১ (এক) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকভিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য-	০%
(খ) ১ (এক) বৎসরের অধিক হইতে ২ (দুই) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকভিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	১০%
(গ) ২ (দুই) বৎসরের অধিক হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকভিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	২০%
(ঘ) ৩ (তিন) বৎসরের অধিক হইতে ৪ (চার) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকভিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	৩০%
(ঙ) ৪ (চার) বৎসরের অধিক হইতে ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকভিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	৩৫%”।

২। ইহা ৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব